

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(হিসাব শাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০১০.০২.০০৬.১৫-৩৪০

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
৩০ মে ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ সরকারি হাট বাজারসমূহের ইজারালক আয়ের ৪% অর্থ “মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়” নামে ব্যাংক হিসাবে জমা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১। ৪৮.০০.০০০০.০০৬.২০(পাট-০১), ১৪/০৩ তাং ০৫/০৫/২০১৫(ক)গৃহ নির্মাণ/সংস্কার।


নির্দেশিত হয়ে সূত্রের বরাতে উপর্যুক্ত বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১-০৯-২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা এর অনূচ্ছেদ ৯.৩.৩ মোতাবেক হাট বাজারসমূহের ইজারালক আয়ের ৪% অর্থ জমা হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে মুক্তিযোদ্ধাদের কল্যাণে ব্যয়ের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিচালনাধীন ব্যাংক হিসাবে জমা প্রদানের নির্দেশনা আছে। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট রেজিস্টার ও নথি পত্র পর্যালোচনান্তে দেখা যায়, সিটি কর্পোরেশন এলাকার সরকারি হাট বাজারসমূহের ইজারালক আয়ের বাংলা ১৪২৪ সালের অর্থ অদ্যাবধি জমা হয়নি। ফলে, বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে সরকার প্রদত্ত/ঘোষিত সুবিধাসমূহ যথা চিকিৎসা, শিক্ষা, কন্যার বিবাহ, গৃহ নির্মাণ ইত্যাদি খাতে বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছে না এবং মুক্তিযোদ্ধাদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিচ্ছে।

২। একজন দায়িত্বশীল জনপ্রতিনিধি হিসেবে স্থানীয় সরকার বিভাগের বর্ণিত আদেশ যথাযথ বাস্তবায়ন না করা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত। মুক্তিযোদ্ধাদের প্রতি তার উদাসীনতা এবং সরকারি দায়িত্ব ও কর্তব্য পালনে এই অবহেলার দায়ভার তাঁকেই বহন করতে হবে মর্মে এ মন্ত্রণালয় মনে করে।

৩। এমতাবস্থায়, তাঁর সিটি কর্পোরেশন এলাকাধীন সরকারি হাট বাজারসমূহের বাংলা ১৪২৪ সালের ইজারালক আয়ের ৪% অর্থ আগামী ১৫(পনের) দিনের মধ্যে “মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়” (সঞ্চয়ী হিসাব নং ০৩৪১৯১৫৫৪, সোনালী ব্যাংক লিঃ) বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তিঃ পাতা।


(আবুল হোসেন)
উপসচিব(হিসাব)

ফোনঃ ০২-৯৫৮৮৪৪৩

e-mail: dsaccounts@molwa.gov.bd

মেয়র

----- পৌরসভা।

জেলা: -----

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। ব্রিগেডিয়ার কমিশনার(সকল)।

৫। যুগ্মসচিব(আইসিটি) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা(তাগিদ পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। জেলা প্রশাসক,----- (উপজেলা পরিদর্শনকালে হাট বাজারের ৪% অর্থ প্রেরণের বিষয়টি অন্তর্ভুক্ত করে পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব(মাননীয় মন্ত্রীরসদয় অবগতির জন্য), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৮। সচিবের একান্ত সচিব(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৯। অতি-সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১০। অফিস কপি।